দৈনিক জনকণ্ঠ

তারিখ MAR 05 2002

পৃষ্ঠা ২ কলাম ৩

# পরীক্ষাকেন্দ্র বাতিলের প্রতিবাদে জগন্নাথ কলেজে ভাংচুর

**স্টাফ রিপোর্টার ॥** অনার্স পরীক্ষাকেন্দ্র বাতিলের প্রতিবাদে রাজধানীর জগন্নাথ কলেজের একদল অনার্স পরীক্ষার্থী কলেজের অধ্যক্ষের কক্ষ এবং ১০/১২টি গাড়ি ভাংচুর করেছে। সোমবার দুপুরে উচ্ছৃঙ্খল ছাত্ররা এই ভাংচুর চালায়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী নকল ও সহিংসতারোধে এক কলেজের পরীক্ষার্থীদের অন্য কলেজে পরীক্ষা দিতে হবে। জগন্নাথ কলেজের কিছু পরীক্ষার্থী এই সিদ্ধান্তের প্রতিবাদ জানায় কলেজ অধ্যক্ষের কক্ষ এবং ভিক্টোরিয়া পার্ক এলাকায় ১০/১২টি গাড়ি ভাংচুর করে।